# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কাস্টম হাউস আইসিডি,

## কমলাপুর, ঢাকা ।

# কাস্টম নিলাম দরপত্র বিজ্ঞপ্তি (টেন্ডার সেল নং-০২/২০১৯)

০১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকার নির্দেশক্রমে আটক, বাজেয়াপ্ত, অখালাসকৃত দাবীদার বিহীন বিভিন্ন কন্টেইনার ও গুদামে রক্ষিত স্যান্ডেল, ক্রিম, সিরামিক টায়লস, টেলিভিশন পার্টস, কুলার ব্যাগ, পার্টস অব চেয়ার, মটর পার্টস (ব্যবহৃত) টায়ার, স্যানিটারী প্যাড, ফার্নিচার, গ্লাস শীট, লাইট পার্টস, রেডিমেট গার্মেন্টস, Mosquito Net প্রভৃতি সহ বিভিন্ন প্রকার মালামাল (যেখানে যে অবস্থায় আছে) লট ভিত্তিক বিক্রয়ের জন্য আগামী ৩১.০৩.২০১৯ খ্রিঃ তারিখ সীল্ড টেন্ডারের আয়োজন করা হয়েছে ।

০২। দরপত্র বিক্রয় ও প্রদর্শন ঃ নিম্নে উল্লেখিত সরকারি নিলামকারী সাথে যোগাযোগ করে তাঁর/তাঁর প্রতিনিধির নিকট হতে ক্যাটালগ ও সিডিউল ১৩.০৩.২০১৯ তারিখ হতে ৩০.০৩.২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ১) কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা: ২) কাস্টম হাউস, ঢাকা: ৩) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিন) ঢাকা: ৪) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) ঢাকা: এবং ৫) নিলামকারীর অফিস হতে ক্যাটালগ ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) ও দরপত্রের সিডিউল ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) মূল্য পরিশোধপূর্বক সংগ্রহ করা যাবে । এছাড়া ক্যাটালগ ও সিডিউল এর কপি এ দপ্তরের ওয়েব সাইট (www.chicd.gov.bd) হতে ১৪.০৩.২০১৯ তারিখ হতে ৩০.০৩.২০১৯ পর্যন্ত ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিলাম অনুষ্ঠানের দিন নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত ক্যাটালগ ২০০ (দুইশত) টাকা (অফেরতযোগ্য) ও দরপত্রের সিডিউল ১০০ (একশত) টাকা (অফেরতযোগ্য) এর মূল্য বাবদ মোট ৩০০/- টাকার একটি পে-অর্ডার সরকারি নিলামকারী খান ট্রেডিং কোং, এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। ক্যাটালগে বর্ণিত যে সকল পন্য আলোচ্য নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে লটভূক্ত করা হয়েছে ঐ সকল পন্য পন্য ২৭.০৩.২০১৯ হতে ২৮.০৩.২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

০৩। দরপত্রের সিডিউলের সাথে প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত দলিলাদি দাখিল করতে হবে ঃ ক) নিলাম ক্রেতা হিসাবে মূসক নিবন্ধন সনদপত্র/ নতুন মূসক নিবন্ধন সনদপত্র খ) হালনাগাদ ট্রেড লাইসেন্স গ) টি আই এন সার্টিফিকেট ঘ) জাতীয় পরিচয় পত্রের/স্মার্টকার্ড-এর সত্যায়িত ছায়ালিপি এবং ঙ) দরপত্রে (সিডিউল) উল্লিখিত ডাক মূল্যের উপর ১০% হারে জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত) সহকারী/ডেপুটি কমিশনার (নিলাম) কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা বরাবর ইস্যুকৃত পে-অর্ডার।

চ) ওয়েবসাইট হতে ক্যাটালগ ও দরপত্রের সিডিউল ডাউনলোড এর ক্ষেত্রে ৩০০/- টাকার একটি পে-অর্ডার খান ট্রেডিং কোং এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার। ছ) নির্দিষ্ট লটের ক্ষেত্রে ক্যাটালগে বর্ণিত শর্তের প্রেক্ষিতে যে সকল দলিলাদি প্রয়োজন।

০৪। দরপত্র দাখিল ও খোলার সময়ঃ সীলগালাকৃত দরপত্র আগামী ৩১.০৩.২০১৯ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত ১) কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা ২) কাস্টম হাউস, ঢাকা ৩) কাস্টম এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) ঢাকা ৪) বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর (এলটিইউ-ভ্যাট) ঢাকা ৫) কাস্টম এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্স দাখিল করা যাবে এবং পরের কার্যদিবসে অর্থাৎ ০১.০৪.২০১৯ তারিখ বেলা ২:০০ ঘটিকার সময় আগ্রহী দরদাতাগনের উপস্থিতিতে কাস্টম হাউস আইসিডি এর সম্মেলন কক্ষে (যদি কেউ উপস্থিত থাকেন), দরপত্র/বাক্স/প্রাপ্ত দরপত্র উন্মুক্ত করা হবে ।

০৫) পণ্যের বিস্তারিত বিবরণ ও শর্তাবলী ক্যাটালগ ও সিডিউলে উল্লেখ থাকবে ।

০৬) প্রাপ্ত যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে বাতিলকরণ কিংবা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

খান ট্রেডিং কোং (সরকারি নিলামকারী)
৮৬, পূর্ব গোড়ান, ঢাকা-১২১৯
মোবাইলঃ ০১৭১১-৩৪৭১২৪,০১৭১৬-৪২৫৫৩৪

আদেশক্রমে
মোঃ আব্দুল লতিফ
সহকারী কমিশনার (নিলাম)